দৈনিক সংবাদ

23 MAY 1993

পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

04

### ভর্তির আবেদনপত্র চড়ামূল্যে বিক্রি

# খুলনা বিশ্ববিদ্যালয়ে ছাত্রছাত্রীর অর্থ আত্মসাতের অভিযোগ

।। মানিক সাহা।।

খুলনা, ২২শে মে।– খুলনা বিশ্ববিদ্যালয়ে ছাত্রছাত্রীদের কাছ থেকে ভর্তির আবেদন-পত্রের অত্যধিক চড়ামূল্য আদায় করে বিপুল পরিমাণ অর্থ বিশ্ববিদ্যালয় তহবিলে জমা না দিয়ে কিছুসংখ্যক উর্ধ্বতন কর্মকর্তা ও শিক্ষক নিজেদের মধ্যে অবৈধভাবে ভাগ–বাটোয়ারা করে নিয়েছেন বলে অভিযোগ পাওয়া গেছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, খুলনা বিশ্ব-বিদ্যালয়ে প্রথমবর্ষ স্নাতক শ্রেণীতে (১৯৯২–৯৩ শিক্ষাবর্ষ) চারটি গ্রুপে ছয়টি ডিসিপ্লিনে ছাত্রছাত্রী ভর্তির জন্য প্রতিটা আবেদনপত্রের বিপরীতে ২০০ টাকা নেয়া

খুলনা ঃ পৃঃ ২ কঃ ৬

## খুলনা ঃ অর্থ

( ১ম পৃষ্ঠার পর )

হয়েছে। এবার ৩ হাজার ৭৬ জন ছাত্র-ছাত্রীর কাছ থেকে আবেদনপত্র বাবদ ২০০ টাকা করে মোট ৬ লাখ টাকারও বেশি আদায় করা হয়েছে। এদের সকলকে ভর্তি পরীক্ষায় ডাকা হয়নি। মাত্র ১ হাজার ৭শ' ৬৫ জন ছাত্রছাত্রীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হয়েছে এবং ভর্তি করা হয়েছে ১৮০ জনকে।

একটি বিশস্ত সূত্র জানায়, ভর্তি পরীক্ষার জন্য মাত্র ১ লাখ টাকা খরচ হয়েছে। বাকি ৫ লাখ ট্যকা নির্বাচনী কমিটি নিজেদের মধ্যে ভাগ–বাটোয়ারা করে নিয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। ভর্তি পরীক্ষার জন্য প্রয়োজনের তুলনায় অতিরিক্ত অর্থ আদায় এবং ঢালাওভাবে ছাত্রদের মধ্যে ফর্ম বিতরণ করার কোন যুক্তিসঙ্গত কারণ কর্তৃপক্ষ বলতে পারেননি।

এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের রেজি-স্ট্রারের সংগে যোগাযোগ করা হলে তিনি বলেন, এ বিষয়ে ভর্তি পরীক্ষার নির্বাচনী কমিটি সব সিদ্ধান্ত নিয়েছে।